

# আনিসুল হকের কুলখানি অনুষ্ঠিত

## অনলাইন ডেস্ক



রাজধানীর গুলশানের আজাদ মসজিদে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) প্রয়াত মেয়র আনিসুল হকের কুলখানির অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বাদ আসর মিলাদ মাহফিল, দোয়া-মোনাজাতের মধ্য দিয়ে কুলখানির আনুষ্ঠানিকতা শেষ হয়।

কুলখানিতে আনিসুল হকের স্ত্রী রুবানা হক, ছেলে নাভিদুল হক, দুই মেয়ে ও ছোট ভাই সেনাপ্রধান

জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক উপস্থিত ছিলেন।

কুলখানিতে আনিসুল হকের স্মৃতিচারণ করে বক্তব্য দেন ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (এফবিসিসিআই) সভাপতি শফিউল ইসলাম মহিউদ্দিন ও সাবেক সভাপতি আবদুল মাতলুব আহমাদ।

গত বৃহস্পতিবার (৩০ নভেম্বর) রাতে যুক্তরাজ্যের লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন আনিসুল হক।

বিডি-প্রতিদিন/ সালাহ উদ্দীন